দামুড়হুদা ও দর্শনায় বিশ্ব শিক্ষক দিবস পালিত

শিক্ষকের কন্ঠস্বর, শিক্ষায় নতুন সামাজিক অঙ্গীকার” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে চুয়াডাঙ্গার দামুড়হুদা ও দর্শনায় বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে।
এ উপলক্ষে আজ শনিবার (৫ অক্টোবর) সকাল সাড়ে ১০ টার সময় দামুড়হুদা উপজেলা অডিটোরিয়াম থেকে র্যালি বাহির হয়ে দামুড়হুদা উপজেলার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন শেষে উপজেলা চত্বরে এসে শেষ র্যালিটি শেষ হয়।পরে উপজেলার হলরুমে দামুড়হুদা উপজেলা নির্বাহি অফিসার মমতাজ মহলের সভাপতিত্বে, স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা একাডেমি সুপারভাইজার রাফিজুল ইসলাম।
অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, দামুড়হুদা পাইলট সরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষক নজরুল ইসলাম, শিক্ষক আব্দুল মমিন, বখতিয়ার হোসেন, নাসির উদ্দীন প্রমুখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম।
অপরদিকে, দর্শনা পৌরসভার ঐতিহ্যবাহি মেমনগর বিপ্রদাস মাধ্যামিক বিদ্যালয়, কেরু উচ্চ বিদ্যালয় দর্শনা ডি এস ফাজিল মাদ্রাসা নারী শিক্ষা প্রতিষ্ঠান দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয় যথাযথ মর্যাদায় বিশ্ব শিক্ষক দিবস পালন করেন, এসময় বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক এ কে এম হুমায়ুন কবির, কেরু উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুর রহিম,মেমনগর মাধ্যামিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক একরামুল হক,দর্শনা ডি এস ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ শফিকুল ইসলাম, শিক্ষক হাসমত আলী, মাহমুদা খাতুন, শামসুন নাহার তুলি,শামসুল নাহার হীরা, আরিফুল ইসলাম, হাফিজুর রহমান, রফিকুল ইসলাম, মেহবুব,সুমিতা খাতুন, নাসরিন আক্তারী প্রমুখ।

গাংনীতে আন্তর্জাতিক অহিংস দিবস পালিত

“সংঘাত নয় ঐক্যের বাংলাদেশ গড়ি” শ্লোগান নিয়ে গাংনীতে আন্তর্জাতিক অহিংস দিবস-২০২৪ উপলক্ষ্যে মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল ১০ টার সময় মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাংনী উপজেলা পরিষদ গেটের সামনে দি হাঙ্গার প্রজেক্টের গাংনী এরিয়া অফিসের সহায়তায় পিস ফ্যাসিলেটর গ্রুপ (পিএফজি) এই মানববন্ধন ও সমাাবেশের আয়োজনে।

মানববন্ধনে সভাপতিত্ব করেন পিএফজির গাংনী উপজেলার শাখার সদস্য বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক।

পিএফজির সদস্য ও করমদি ডিগ্রি কলেজের শিক্ষক আবু সাদাত মোহাম্মদ সায়েম পল্টুর সঞ্চালনায় অনুষ্ঠানে জাতীয় কন্যা শিশু এ্যাডভোকেসী ফোরামের মেহেরপুর জেলা শাখার সভাপতি শিক্ষাবিদ সিরাজুল ইসলাম, গাংনী উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান ও বিএনপি নেতা জুলফিকার আলী ভুট্টো, জাতীয় পাটির গাংনী উপজেলা শাখার সভাপতি কিতাব আলী বিএসসি, গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, সাধারণ সম্পাদক মাহাবুব আলম, দি হাঙ্গার প্রজেক্টের গাংনী এরিয়া সমন্বয়কারী হেলাল উদ্দীন।

মানববন্ধনে সুশাসনের জন্য নাগরিক (সুজন), পিএফজি ও ইয়ুথ এন্ডিং হাঙ্গারের সদস্যসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ অংশগ্রহণ করেন।

মানববন্ধনে স্বাগত বক্তব্য রাখেন পিস ফ্যাসিলেটর গ্রুপ (পিএফজি)’র সমন্বয়কারী সাংবাদিক রফিকুল আলম বকুল।

উল্লেখ্য, ২০০৭ সালের ১৫-ই জুন জাতিসংঘের সাধারণ সভায় ২ অক্টোবর কে বিশ্বে, শান্তি, সহিষ্ণুতা, সহানুভূতিশীলতা এবং অহিংসার সংস্কৃতি সুরক্ষিত করতে আন্তর্জাতিক অহিংস দিবস হিসেবে ঘোষনা করা হয়। এরপর থেকে বিশ্বের বিভিন্ন দেশে দিবসটি উৎযাপিত হয়ে আসছে। “সংঘাত নয় ঐক্যের বাংলাদেশ গড়ি ” শ্লোগানকে সামনে রেখে ২০১৭ সাল থেকে পিস ফ্যাসিলেটর গ্রুপ (পিএফজি)’র মাধ্যমে সারাদেশে আন্তর্জাতিক অহিংস দিবস পালন করে আসছে দি হাঙ্গার প্রজেক্ট। এরই ধারাবাহিকতায় পিএফজি, সুজন ও ইয়ুথ এন্ডিং হাঙ্গারসহ বিভিন্ন সংগঠনের অংশগ্রহণে মানববন্ধন ও শান্তি পদযাত্রাসহ বিভিন্ন আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে এ বছর দেশব্যাপী উৎযাপিত হচ্ছে।

কোটচাঁদপুরে জাতীয় কন্যাশিশু দিবস পালিত

কন্যা শিশুর স্বপ্নে গড়ি আগামীর বাংলাদেশ এ প্রতিপাদ্যে কোটচাঁদপুরে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়েছে। আজ সোমবার দুপুরে স্থানীয় জালালপুর মাধ্যমিক বিদ্যালয়ের সম্মেলন কক্ষে দিবসটি পালন করা হয়।

এ উপলক্ষ্যে সচেতনতামূলক আলোচনা সভা ও ছাত্রীদের মাঝে ন্যাপকিনসহ লেখাপড়া সামগ্রী বিতরন করা হয়।

আলোচনা সভায় উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার উছেন মে, সহকারী কমিশনার (ভূমি) জান্নাতুল মাওয়া, কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল মামুন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম, একাডেমিক কর্মকর্তা ফারুক হোসেন ও জালাপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আক্তার জাহান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম আর সঞ্চালনায় ছিলেন, তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা।

অনুষ্ঠানে বক্তারা কণ্যা শিশু দিবসের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। পরে অতিথিবৃন্দরা ছাত্রীদের মাঝে ন্যাপকিন ও পড়া লেখার সামগ্রী বিতরন করেন।

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালিত

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৪ উদযাপন করা হয়েছে। দিবসটি উপলক্ষে আজ শনিবার সকাল ৯টায় জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলনকক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

‘কর্তৃপক্ষের সকল দ্বার, খুলে দেবে তথ্য অধিকার’ স্লোগানে আলোচনা সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম।

আলোচনা সভায় বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গার অতিরিক্ত পুলিশ সুপার (পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত) রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সহযোগী অধ্যাপক মো. জাহিদুল হাসান, মুন্সী আবিু সাঈফ, জেলা তথ্য অফিসার শিল্পী মণ্ডল, জাতীয় দৈনিক আজকের পত্রিকা ও ডেইলি মর্নিং গ্লোরির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি এবং দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার নিজস্ব প্রতিবেদক মেহেরাব্বিন সানভী, সাংবাদিক অ্যাড. রফিকুল ইসলাম, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন চুয়াডাঙ্গার প্রতিনিধি সাফ্ফাতুল ইসলাম, জেলা ব্রাক প্রতিনিধি মানিক ম্যাক্সি মিলিয়ান রুগা, চুয়াডাঙ্গা কালেক্টরেট স্কুলের শিক্ষার্থী সাকিব হাসান তুষার, নাদিয়াতুল জান্নাত, রায়না হাবিবা প্রমুখ। আলোচনা সভাটি পরিচালনা করেন জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ আলাউদ্দীন আল আজাদ।

এ সময় আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা কালেক্টরেটের সিনিয়র সহকারী কমিশনার রেজওয়ানা নাহিদ, তিথি মিত্রসহ চুয়াডাঙ্গা কালেক্টরেটের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ, বিভিন্ন ইউনিয়ন পরিষদের সচিব, হিসাব সহকারী ও উদ্যেক্তা, বিভিন্ন দপ্তরের কর্মকর্তাসহ শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম বলেন, যার যার অবস্থান থেকে তথ্য অধিকার আইন বাস্তবায়নে সহযোগিতা করতে হবে। জনগণ তথ্য চাইবে, আপনারা দিবেন। সিটিজেন চার্টার দৃশ্যমানভাবে টাঙিয়ে রাখি। ওয়েব পেজ আছে সেখানে সরকারি প্রকল্প তুলে দেবেন। তাহলে জনগণের তথ্য জানা প্রসারিত হবে। স্বচ্ছতা, জবাবদিহিতা কতটুকু চর্চা করতে পারছি তার ওপর নির্ভর করছে।

ঝিনাইদহে বিএনপি’র ৪৬তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

ঝিনাইদহে বিএনপি’র ৪৬তম প্রতিষ্ঠা বাষির্কী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার (১সেপ্টেম্বর) সকালে শহরের কুটুম কমিউনিটি সেন্টারে এ অনুষ্ঠানের আয়োজন করে জেলা বিএনপি।

দেশে ভয়াবহ বন্যার কারণে সীমিত আকারে বিএনপি’র প্রতিষ্ঠা বাষির্কী পালন করা হয়। এতে জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এম এ মজিদ, সহ-সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, যুগ্ম-সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাসসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তরা, নির্বাসিত গণতন্ত্র আদায়ে অনেক নেতাকর্মী জীবন উৎসর্গ করেছে। আগামী দিনে দেশের মানুষের বাক স্বাধীনতার জন্য বিএনপি কাজ করে যাচ্ছে। তাই তারা দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব রক্ষার্থে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান ।

আলোচনা সভা শেষে বিএনপি’র প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের আত্মার মাগফেরাত কামনায় ও বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনা করে দোয়া করা হয়।

ঝিনাইদহে শোকাবহ আগস্টে শোক মিছিল সহ বিভিন্ন কর্মসূচি পালিত

শোকাবহ আগস্টে ঝিনাইদহ জেলা আওয়ামী লীগ নানা আয়োজনের মধ্য দিয়ে বিভিন্ন কর্মসূচি পালিন করছে।

মাসব্যাপী এ কর্মসূচিতে ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও

ঝিনাইদহ- হরিণাকুণ্ডু-২ আসনের সংসদ সদস্য নাসের শাহরিয়ার জাহেদী মহুল এমপির নেতৃত্বে ঝিনাইদহের সদর উপজেলার সব ইউনিয়ন ও পৌর ওয়ার্ড আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগ সহ সকল অংগ সংগঠনের নেতৃবৃন্দ ও হাজার হাজার নেতা-কর্মী ও সমর্থকদের অংশগ্রহণে ঝিনাইদহ সদর এমপি অফিস প্রাঙ্গণ থেকে বিশাল শোক মিছিল বের হয়।

গতকাল বিকালে এই শোকসভা ও মিছিল অনুষ্ঠিত হয়। মিছিলটি জেলা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পায়রা চত্বরে এসে শেষ হয়। মিছিল শেষে পায়রা চত্বরে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহের পৌর মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজলের সভাপতিত্বে শোক সভা সঞ্চালনা করেন জেলা যুবলীগ আহবায়ক আশফাক মাহামুদ জন।

এসময় উপস্থিত ছিলেন পৌর আওয়াামীলীগের সাবেক সাধারণ সম্পাদক জেএম রশিদুল আলম, সদর উপজেলার সাবেক ভারপ্রাপ্ত চেয়ারম্যান রাশেদুর রহমান রাসেল, জেলা ছাত্রলীগের সভাপতি সজীব হোসেন, সংসদ সদস্যের ব্যক্তিগত সহকারি তবীবুর রহমান লাবু, সাধুহাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কাজী নাজির উদ্দীন, পাগলা কানাই ইউনিয়ন চেয়ারম্যান আবু সাঈদসহ অন্যান্য ইউনিয়নের চেয়ারম্যান ও আওয়ামী লীগ ও অংগ সংগঠনের নেতৃবৃন্দ।

অনুষ্ঠানে পৌর মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল তার বক্তব্যে বলেন দেশের এ ক্লান্তি লগ্নে আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে ও স্বাধীনতা বিরোধী জামাত-শিবির সহ সকল অপশক্তিকে রুখে দিতে আওয়ামী লীগ সহ সকল অংগ সংগঠনের নেতা কর্মীদের ঐক্যবদ্ধ হয়ে দলীয় নির্দেশনা অনুযায়ী কাজ করার আহ্বান জানান।

১৫ আগস্ট জাতীয় শোক দিবস, মানব সভ্যতার ইতিহাসে ঘৃণ্য ও নৃশংসতম হত্যাকান্ডের কালিমালিপ্ত বেদনাবিধূর শোকের দিন। ১৯৭৫ সালের এই দিনে মানবতার শত্রু প্রতিক্রিয়াশীল ঘাতকচক্রের হাতে বাঙালি জাতির মুক্তি আন্দোলনের মহানায়ক, বিশ্বের লাঞ্ছিত-বঞ্চিত-নিপীড়িত মানুষের মহান নেতা, বাংলা ও বাঙালি জাতির হাজার বছরের আরাধ্য পুরুষ, স্বাধীন বাংলাদেশ রাষ্ট্রের স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করা হয়।

ঝিনাইদহে জাতীয় মৎস্য সপ্তাহ পালিত

“ভরবো মাছে মোদের দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ” এ শ্লোগানে ঝিনাইদহে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৪ উপলক্ষে মৎস্য অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্য্যক্রম বিষয়ে বর্ণাঢ্য র্যালী, পুকুরে পোনামাছ অবমুক্ত ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
আজ বুধবার (৩১ জুলাই) সকালে পুরাতন ডিসি কোর্ট চত্বর প্রাঙ্গন থেকে এক বর্ণাঢ্য র্যালী শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে সদর উপজেলা চত্বরে গিয়ে শেষ হয়।
সেসময় উপজেলা পুকুরে ৬০ কেজি পোনামাছ অবমুক্তকরা হয়। পরে সদর উপজেলা সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরীর সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান মাসুম, সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, জেলা মৎস্য অফিসার ফরহাদুর রেজা, উপজেলা মৎস্য অফিসার গোলাম সরোয়ার, উপজেলা সমাজসেবা অফিসার আব্দুল হাই, মহিলা ভাইস চেয়ারম্যান বর্ষা হিজরা, প্রমূখ। উল্লেখ্য, জাতীয় মৎস্য সপ্তাহ ৩০ জুলাই থেকে ০৫ আগস্ট পর্যন্ত চলবে।

চুয়াডাঙ্গায় যুবলীগের উদ্যোগে আওয়ামী লীগের ৭৫ তম প্রতিষ্ঠা বার্ষিক পালিত

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী যুবলীগের উদ্যোগে বাংলাদেশ আওয়ামী লীগের ৭৫ তম প্রতিষ্ঠা বার্ষিক উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বিকাল পাঁচটায় চুয়াডাঙ্গা জেলা আওয়ামী যুবলীগের কার্যালয়ে চুয়াডাঙ্গা সদর উপজেলার নবনির্বাচিত চেয়ারম্যান এবং চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রিড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দারের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য জুবায়ের আহমেদ সাব্বির।

এ সময় প্রধান অতিথির বক্তব্য তিনি বলেন, বাংলাদেশ আওয়ামী লীগ একটি ঐতিহ্যবাহী সংগঠন। সেই শুরু থেকে এই সংগঠন কাজ করে যাচ্ছে দেশের মানুষের জীবনমান উন্নয়নে। আজ বাংলাদেশের সার্বিক উন্নয়নে এই আওয়ামী লীগের মাধ্যমে সাধারণ মানুষের জীবনমান উন্নয়ন ঘটেছে বাস্তবায়ন হয়েছে দেশের বড় বড় মেগা প্রজেক্ট। কিন্তু এই উন্নয়ন জামাত বিএনপি চায় না তারা চায় আবারো ক্ষমতায় যেয়ে বিশ্বের মধ্যে দূর্নীতিতে চ্যাম্পিয়ন হওয়া।

সভাপতির বক্তব্য চুয়াডাঙ্গা সদর উপজেলার নবনির্বাচিত চেয়ারম্যান এবং চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রিড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দার বলেন, বাংলাদেশ আওয়ামী লীগের ৭৫তম জন্মবার্ষিকী আজ। এই দিনে প্রতিষ্ঠা হয়েছিল বাংলাদেশের সাধারণ মানুষের জন্য আর্তমানবতায় নিয়োজিত ও সেবাধর্মী রাজনৈতিক সংগঠন বাংলাদেশ আওয়ামী লীগ।প্রতিবছরের মতো এবারও চুয়াডাঙ্গা জেলা আওয়ামী যুবলীগের বিস্তারিত কর্মসূচির মধ্য দিয়ে প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হচ্ছে। জনগণই আওয়ামী লীগের মূল শক্তি। প্রতিষ্ঠার পর থেকে এ ভূখণ্ডে প্রতিটি প্রাপ্তি ও অর্জন সবই আওয়ামী লীগের নেতৃত্বেই হয়েছে।

এ সময় তিনি আরও বলেন, মাতৃভাষা বাংলার মর্যাদা রক্ষা থেকে শুরু করে আজ পর্যন্ত বাঙালির অর্জন এবং বাংলাদেশের সব উন্নয়নের মূলেই রয়েছে আওয়ামী লীগ। জননেত্রী শেখ হাসিনার হাত ধরে দলের নেতাকর্মীদের মেধা, পরিশ্রম, ত্যাগ ও দক্ষতায় আওয়ামী লীগ আরও গতিশীল হবে এবং বাংলাদেশ এগিয়ে যাবে। বাঙালি জাতির প্রতিটি মহুৎ, শুভ ও কল্যাণকর অর্জনে আওয়ামী লীগের ভূমিকা রয়েছ।বাংলাদেশ আওয়ামী লীগের শুরুটা এতো সহজ ছিলো প্রচন্ড পরিমাণ চক্রান্ত করা হয়েছিল এই দলটি ভেঙ্গে দিতে আবার জনগণের ভোটে নির্বাচিত হয়েও ক্ষমতা হস্তান্তর করা হয়নি এই দলটিকে।

আলোচনা সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের সদস্য আজাদুল ইসলাম আজাদ, অনুষ্ঠান উপস্থিত থেকে

স্বাগত বক্তব্য প্রদান করেন বঙ্গবন্ধু ছাত্র পরিষদের সাবেক সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা যুবলীগ নেতা খালিদ মন্ডল।

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের সদস্য হাফিজুর রহমান হাপুর সঞ্চালনায় আলোচন সভায় প্রধান বক্তা হিসেবে বক্তব্য প্রদান করেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক সামসুদ্দোহা হাসু, আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের সদস্য সাজেদুল ইসলাম লাভলু,আজাদ আলী,হাফিজুর রহমান হাপু,আবু বক্কর সিদ্দিক আরিফ,আলমগীর আজম খোকা। এ সময় আরও উপস্থিত ছিলেন যুবলীগ নেতা শাহী,দরুদ,পিরু,নিপুন,খালিদ, সৈকত,সাবান মেম্বার, রানা হামিদ, আসাদ,নোমান,দিপু,বকুল সহ চুয়াডাঙ্গা জেলা যুবলীগের নেতৃবৃন্দ।

দামুড়হুদায় বিশ্ব পরিবেশ দিবস পালিত

“করবো ভূমি পুনরুদ্ধার, রুখবো মরুময়তা, অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা” এই স্লোগানকে সামনে রেখে দামুড়হুদায় বিশ্ব পরিবেশ দিবস ২০২৪ উপলক্ষে র্যালি আলোচনা সভা, শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ ও উপজেলা চত্বরে বৃক্ষ রোপন অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল সাড়ে ১১টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, উপজেলা প্রাণী সম্পদ অফিসার নীলিমা আক্তার হ্যাপী, উপজেলা বন বিভাগ কর্মকর্তা মোঃ রজব আলী মোল্লা, উপজেলা শিক্ষা অফিসার আবু হাসান, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হবি, উপজেলা একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলামসহ উপজেলার বিভিন্ন স্কুলের শিক্ষক শিক্ষিকা ছাত্র ছাত্রী বৃন্দ এবং উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে নিরাপদ মাতৃত্ব দিবস পালিত

‘হাসপাতালে সন্তান প্রসব করান, মা ও নবজাতকের জীবন বাঁচান’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে নিরাপদ মাতৃত্ব দিবস পালিত হয়েছে।

ঝিনাইদহ ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের পক্ষ থেকে এ উপলক্ষে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।

এতে সদর হাসপাতালের তত্বাবধায়ক ডা: সৈয়দ রেজাউল ইসলাম, গাইনী বিভাগের সিনিয়র কনসালটেন্ট ডা: মোঃ আলাউদ্দিন, জুনিয়র কনসালটেন্ট ডা: আব্দুল্লাহেল কাফী, ডা: মার্ফিয়া খাতুন, আবাসিক মেডিকেল অফিসার ডা: গুলশান আরা লিমাসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, মা ও শিশু মৃত্যু প্রতিরোধে হাসপাতালে সন্তান প্রসাবের জন্য সকলের প্রতি আহ্বান জানিয়ে বলেন, দেশে নিরাপদ মাতৃত্বের জন্য সুসংগঠিত ও সমন্বিতভাবে কাজ করতে হবে। পাশাপাশি দেশের ৪৯২টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মাতৃসেবা চালু করতে পারলে বেশির ভাগ মাকেই নিরাপত্তা জালের মধ্যে আনা সম্ভব।